অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং গভর্নর মার্ফি গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ক্রিস কলুরিকে মনোনীত করেছেন

আজকে চেলসি পিয়ার্সের আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশনের (Regional Plan Association, RPA) সেন্টেনিয়াল অ্যাসেম্বলিতে, নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকল এবং নিউ জার্সির গভর্নর ফিল মার্ফি যৌথভাবে গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশনের (Gateway Development Commission) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ক্রিস কলুরির মনোনয়ন যৌথভাবে ঘোষণা করলেন, এটি নিউ ইয়র্ক, নিউ জার্সি এবং অ্যামট্র্যাকের মধ্যকার একটি অংশীদারিত্ব যা এর অংশীদার এজেন্সিগুলির সাথে গেটওয়ে কর্মসূচি (Gateway Program) সরবরাহের সমন্বয় করে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey) এবং NJ ট্রানজিট (NJ TRANSIT)। গেটওয়ে কর্মসূচি, যার মধ্যে পোর্টাল নর্থ ব্রিজ (Portal North Bridge) এবং একটি নতুন হাডসন নদীর টানেলের পুনর্গঠন রয়েছে, হলো দেশের সর্বাধিক প্রয়োজনীয় অবকাঠামো চাহিদার মধ্যে একটি।

কলুরি 2006 সালের জানুয়ারি থেকে 2008 সালের ডিসেম্বর পর্যন্ত নিউ জার্সি পরিবহন ডিপার্টমেন্টের (Department of Transportation, DOT) কমিশনার হিসেবে কাজ করেছেন। DOT কমিশনার হিসেবে তার দায়িত্বের অংশ হিসেবে কলুরি NJ ট্রানজিট, নিউ জার্সি টার্নপাইক কর্তৃপক্ষ (New Jersey Turnpike Authority), এবং সাউথ জার্সি পরিবহন কর্তৃপক্ষের (South Jersey Transportation Authority) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। DOT-তে থাকাকালীন সময়ে, কলুরি অ্যাক্সেস টু রিজিওনাল কোর (Access to the Region's Core, ARC) প্রকল্পের প্রতি নিউ জার্সির অবদান মেটানোর জন্য একটি আর্থিক কৌশল গঠনে সাহায্য করতে একটি মুখ্য ভূমিকা পালন করেছেন, প্রকল্পটি জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ একটি রেল টানেল প্রকল্প যা নিউ জার্সি ও নিউ ইয়র্ককে সংযুক্ত করবে। DOT-তে, কলুরি 17,000 কর্মচারী, 3.6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্যাপিটাল তহবিল, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিচালনা তহবিলের তত্ত্বাবধান করেছেন।

গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশনের বোর্ড আগামী বৈঠকে কলুরিকে বিবেচনা করবে, যা 16 মে অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

"তার বিস্তৃত রেজুমে নিয়ে, ক্রিস কলুরির সরকারি চাকরির একটি অসাধারণ রেকর্ড রয়েছে এবং আমি আত্মবিশ্বাসী যে তিনি গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা

হিসেবে নিউ ইয়র্ক ও নিউ জার্সির প্রতি দায়িত্ব ভালোভাবে পালন করবেন," **গভর্নর হোকল বলেন।** "গেটওয়ে হাডসন টানেল নর্থইস্ট করিডরের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যা প্রতিদিন 400,000 এর বেশি যাত্রীকে সেবাদান করে এবং এটি পূর্বের থেকেও বেশি মজবুত হিসেবে গড়ে উঠতে আমাদের পরিকল্পনার একটি মুখ্য উপাদান। আমি গভর্নর মার্ফিকে এই নির্বাচনে তার সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি, এবং আমি ফেডারেল তহবিল নিশ্চিত করতে, বাইডেন প্রশাসনের সাথে অংশীদারিত্বে, নিউ ইয়র্ক ও নিউ জার্সির জন্য এইসব অত্যাবশ্যকীয় প্রকল্পে আমাদের কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

"গেটওয়ে কর্মসূচি, এবং বিশেষ করে হাডসন টানেল প্রকল্পটি (Hudson Tunnel Project, HTP) অগ্রসর করা আমাদের অঞ্চলের জন্য অতি জরুরিভাবে গুরুত্বপূর্ণ, এবং আমি আত্মবিশ্বাসী যে ক্রিস কলুরির নেতৃত্ব আমাদেরকে এইসব অতি প্রয়োজনীয় প্রকল্প বাস্তবায়নে সাহায্য করবে," **গভর্নর মার্ফি বলেন।** "ক্রিসের অনেক বছরের অবকাঠামো ব্যবস্থাপনা এবং পরিচালনার, এবং একইসাথে সরকারে কাজ করার অভিজ্ঞতা রয়েছে, আমরা যখন গেটওয়ে কর্মসূচিকে সম্পূর্ণভাবে অর্থায়িত ও সম্পূর্ণ করতে আমাদের ফেডারেল অংশীদারদের সাতে কাজ করে যাবো, তখন এই অভিজ্ঞতা অত্যাবশ্যকীয় হবে। আমি এইসব অতি গুরুত্বপূর্ণ প্রকল্প অগ্রসরে সাহায্য করবে এমন একজনকে মনোনীত করতে তার অংশীদারিত্বের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

"আমি গভর্নর ফিল মার্ফি ও ক্যাথি হোকলের দ্বারা গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে মনোনয়ন পেয়ে সম্মানিত হয়েছি। আমি কমিশনের সাথে দেখা করতে এবং তাদের গুরুত্বপূর্ণ কাজ সমর্থন করতে উন্মুখ," **ক্রিস কলুরি বলেন।** "হাডসন টানেল প্রকল্প এবং গেটওয়ে কর্মসূচিকে অগ্রসর করার জন্য ফেডারেল, স্টেট, এবং বাই-স্টেট অংশীদারদের মধ্যে স্পষ্ট এবং বর্তমান সুযোগ ও আকাঙ্ক্ষা রয়েছে।অল্প কোথায় বললে, HTP অগ্রসর হতে যাচ্ছে এবং এই প্রকল্পটি সফলভাবে শেষ করার তত্ত্বাবধান করার জন্য কমিশনের একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।যদি কমিশনাররা আমার প্রার্থিতার অনুমোদন প্রদান করে, তাহলে আমি এই সহযোগিতামূলক প্রচেষ্টার ফলে যাতে HTP বাস্তবে পরিণত হয় তা নিশ্চিত করতে আমার একনিষ্ঠ মনোযোগ প্রদান করবো।"

"আজকে RPA-র সেন্টেনিয়াল অ্যাসেম্বলিতে গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ক্রিস কলুরির মনোনয়ন প্রদানের গভর্নর হোকল এবং গভর্নর মার্ফির ঘোষণার RPA প্রশংসা করছে," **আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম রাইট বলেন।** "গেটওয়ে কর্মসূচি এখনো ব্যাপক অর্থনৈতিক এবং পরিবেশগত সুবিধা নিয়ে দেশের সবথেকে জরুরি অবকাঠামো প্রকল্প। আমরা উভয় গভর্নর এবং RPA-র 2022 জুকোটি পুরস্কার (Zuccotti Award) বিজয়ী সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা শুমারের প্রতি কৃতজ্ঞ, গেটওয়েতে তাদের নিবেদন এবং নেতৃত্বের জন্য, এবং আমরা তাদের ও ক্রিসের সাথে এই পরিকল্পনাকে বাস্তবে পরিণত করতে কাজ করার জন্য উন্মুখ। ফেডারেল সরকার থেকে নজিরবিহীন পর্যায়ের আর্থিক সমর্থন নিয়ে, আমাদেরকে এখন হাডসন টানেল এবং অন্য গেটওয়ে কর্মসূচি প্রকল্পসমূহ গঠনে কাজ করতে হবে।"

আজকের ঘোষণাটি গভর্নর হোকল, গভর্নর মার্ফি, এবং বাইডেন প্রশাসনের অধীনে হওয়া গেটওয়ে কর্মসূচির ক্রমবর্ধমান গতিবেগের উপর ভিত্তি করে নেওয়া হয়েছে। উদাহরণস্বরূপ, পোর্টাল নর্থ ব্রিজ গত মাসে সম্পূর্ণ নির্মাণ অগ্রসর করার জন্য একটি অগ্রসর হওয়ার নোটিশ (Notice to Proceed) জারি করেছে; বাইডেন প্রশাসনের 2023 অর্থবছরের বাজেট অনুরোধে হাডসন টানেলের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে; এবং নিউ জার্সি ও নিউ ইয়র্কের আরো মজবুত আর্থিক প্রতিশ্রুতির সরাসরি ফলাফল হিসেবে, টানেল প্রকল্পটি ক্যাপিটাল বিনিয়োগ অনুদান (Capital Investment Grant) প্রক্রিয়ায় ফেডারেল ট্রানজিট প্রশাসন (Federal Transit Administration) থেকে উচ্চতর রেটিং লাভ করেছে, যার ফলে এটি ফেডারেল অনুদান তহবিলে লাভের যোগ্যতা অর্জন করেছে।

কলুরি বর্তমানে ক্যামডেন কমিউনিটি পার্টনারশিপ, ইনকর্পোরেশনের (Camden Community Partnership, Inc) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন, এটি একটি অর্থনৈতিক এবং কমিউনিটি ডেভেলপমেন্ট নন-প্রোফিট। এর পূর্বে তিনি রোয়ান ইউনিভার্সিটি/রাটগার্স, ক্যামডেনের (Rowan University/Rutgers - Camden) গভর্নর বোর্ডের (যৌথ বোর্ড) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। যৌথ বোর্ডে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রাপ্তির পূর্বে, তিনি উইন্ডেলস মার্কস লেন এবং মিটেনডর্ফ (Windels Marx Lane and Mittendorf) ল ফার্মে একজন কাউন্সেল হিসেবে কাজ করেছেন, যেখানে তিনি ক্লায়েন্টদেরকে পরিবহন এবং অর্থনৈতিক বিকাশ সংক্রান্ত ব্যাপারে উপদেশ দিয়েছেন।

এছাড়াও ক্রিস 2008 সালের ডিসেম্বর থেকে 2010 সালের জানুয়ারি পর্যন্ত নিউ জার্সি স্কুলস ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New Jersey Schools Development Authority) প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন।

DOT কমিশনার হিসেবে দায়িত্ব পালন করার পূর্বে, ক্রিস পার্কার ম্যাককে অফ মার্ল্টনের (Parker McCay of Marlton) একজন অ্যাটর্নি হিসেবে পুনর্গঠন এবং পরিবহন আইনে বিশেষজ্ঞ দক্ষতা অর্জন করেছেন। ক্রিসের রাটগার্স ইউনিভার্সিটি, ক্যামডেন থেকে একটি ব্যাচেলর অফ সাইন্স ডিগ্রি এবং জর্জটাউন ইউনিভার্সিটি (Georgetown University) থেকে একটি জুরিস ডক্টর ডিগ্রি অর্জন করেছেন। তিনি নিউ জার্সির হ্যাডানফিল্ডে বাস করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন